



পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

প্রধান কার্যালয়

বাড়ী নং-০৫, এভিনিউ-৩, হাজী রোড, মিরপুর-২, ঢাকা-১২১৬
www.pdbf.gov.bd



প্রশাসন বিভাগ

স্মারক নং- ৪৭.৬৬.০০০০.০১০.১৬.৪০৫(১).১৯-১১৫৮

তারিখ: ০১ চৈত্র, ১৪২৯ ব.
১৫ মার্চ ২০২৩ খ্রি.

অফিস আদেশ

প্রশাসন বিভাগের স্মারক নং ৪৭.৬৬.০০০০.০১০.১৬.৪০৫(১).১৯৩১৪(১) তারিখ: ২৬/০১/২০২২ মূলে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত)-এর নির্দেশনা অনুযায়ী পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর ০৩ (তিন) জন কর্মকর্তাকে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক), ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট/দপ্তর এডমিন নিয়োগ করা হয়। তন্মধ্যে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) জনাব মুহিউদ্দিন আহমদ পানু, ভারপ্রাপ্ত পরিচালক (অর্থ) বিগত ১২/০১/২০২৩ তারিখ অবসর গ্রহণ করায় ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মো: শরিফ উদ্দিন তালুকদার, ভারপ্রাপ্ত যুগ্ম পরিচালক-কে নিজ দায়িত্বের পাশাপাশি সাময়িকভাবে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) হিসেবে নিয়োগ প্রদান করা হ'ল।

২। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে প্রত্যক্ষ যোগাযোগ রক্ষার মাধ্যমে প্রয়োজনীয় তথ্যের প্রবাহ নিশ্চিত করবেন।


১৫.০৩.২০২৩

(মুহম্মদ মউদুদউর রশীদ সফদার)

ব্যবস্থাপনা পরিচালক

ফোন: ০২-৮০৩২৯২৬

ই-মেইল: pdbfmd@gmail.com

স্মারক নং- ৪৭.৬৬.০০০০.০১০.১৬.৪০৫(১).১৯-১১৫৮

তারিখ: ০১ চৈত্র, ১৪২৯ ব.
১৫ মার্চ ২০২৩ খ্রি.

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) বিভাগীয় প্রধান (মাঠ পরিচালন ও অর্থ), পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২) জনাব মো: শরিফ উদ্দিন তালুকদার, ভারপ্রাপ্ত যুগ্ম পরিচালক (প্রশাসন), পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩) ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের এক্সিকিউটিভ সেক্রেটারী, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪) জনাব সৈয়দ আনিসুর রহমান, সহকারী প্রোগ্রামার (তথ্য প্রযুক্তি), পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫) নথি রক্ষক, প্রশাসন বিভাগ, পিডিবিএফ প্রধান কার্যালয়, ঢাকা।


১৫.০৩.২৩

(মো: সহিদ হোসেন সেলিম)

যুগ্ম পরিচালক

প্রশাসন বিভাগ